# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং- ১৪৩/ বিজ্ঞপ্তি

তারিখ: ০৯/০৯/২০২৫

বিষয় : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী'র উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪, তারিখ-০৮/০৯/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী'র উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে এডহক কমিটি ও নিয়মিত গভর্নিং বডি গঠনের নিমিত্তে প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগষ্ট, ২০২৫ তারিখের সংশোধনী সহ) এর প্রবিধি-৭৪(২) অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা দেয়া হ'ল।

(ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত এডহক কমিটির মেয়াদ শেষ হয়েছে অথবা চলমান রয়েছে, সে সকল শিক্ষা প্রতিষ্ঠান-কে প্রবিধানমালা-২০২৪ (সংশোধনী সহ) অনুযায়ী ৩০/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত গভর্নিং বডি গঠন করতে হবে;

(খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো এডহক কমিটি গঠিত হয়নি, প্রবিধানমালা-২০২৪ (সংশোধনী সহ) মোতাবেক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এডহক কমিটি গঠন করতঃ ৩০/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিয়মিত গভর্নিং বডি গঠন করতে হবে।

(গ) গঠিত সকল এডহক কমিটি ০১/১২/২০২৫ খ্রিঃ তারিখ হতে বিলুপ্ত হবে।

(ঘ) নিয়মিত গভর্নিং বডি গঠনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং বিধি মোতাবেক ব্যবস্থাদির আওতায় আসবেন।

বিঃদ্রঃ নিয়মিত গভর্নিং বডি গঠনের ক্ষেত্রে ৩১ আগষ্ট, ২০২৫ খ্রিঃ তারিখে জারীকৃত নির্দেশনা সমূহ অবশ্যই প্রতিপালন করতে হবে। তবে প্রবিধানমালা-২০২৪ এর প্রবিধি-৬৩ মোতাবেক সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানগুলো উক্ত নির্দেশনার আওতামুক্ত থাকবে।

অধ্যক্ষ
অত্র বোর্ডের আওতাধীন উচ্চ মাধ্যমিক পর্যায়ের
সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৯/৯/২০২৫

প্রফেসর মোঃ মাহবুব হাসান
আইডি নং-০৯৫২২
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী